# AKASHVANI KOLKATA
# RNU: KOLKATA
# Bengali Text Bulletin

**Date 06-08-2026** **Time: 1.30 P.M.**

বিশেষ বিশেষ খবর -

১) বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে সংসদের উভয়সভার কাজকর্ম ব্যাহত। লোকসভা বেলা ২-টো পর্যন্ত এবং রাজ্যসভা বেলা ২টো ১৫ মিনিট পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের সৃজনশীল প্রতিভা, কন্টেন্ট তৈরির ক্ষেত্রে দেশকে আন্তর্জাতিক স্তরে অনন্য উচ্চতায় পোঁছে দিতে পারে।

৩) কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা, বন্যা কবলিত আসামের শিবসাগর জেলায় বিভিন্ন এলাকা পরিদর্শন করেন।

ওড়িশায় বন্যা পরিস্থিতির উন্নতি হয়েছে।

৪) ইউরোপের বিস্তীর্ণ অঞ্চলে দাবানলের প্রভাবে তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে।

৫) অনুর্ধ ২০ বিশ্ব এথলেটিক্স চ্যাম্পিয়ানশিপের চূড়ান্ত পর্বে নিজেদের বিভাগে জায়গা করে নিয়েছেন ভারতের জ্যাভলিন থ্রোয়ার আশিষ যাদব ও টি ধরনীধরণ।

oooooooooooooooooooooo

নীট ইস্যুতে ছাত্র বিক্ষোভে কথিত পুলিশী তৎপরতা সহ অন্যান্য বিষয়ে বিরোধীদের হৈ-হট্টগোলের জেরে লোকসভা বেলা ২-টো পর্যন্ত মুলতুবি করে দেওয়া হয়েছে।

বেলা ১১-টায় অধিবেশন শুরু হলে অধ্যক্ষ ওম বিড়লা হিরোসিমায় পারমাণবিক বোমায় নিহতদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন, ৮১ বছর আগে আজকের দিনে হিরোসিমায় এবং ৯ তারিখ নাগাসাকিতে পারমাণবিক বোমা নিক্ষেপের ফলে লক্ষ লক্ষ নিরাপরাধ সাধারণ মানুষের মৃত্যু হয়। অধ্যক্ষ বলেন, বিধ্বংসী অস্ত্র থেকে বিশ্বকে মুক্ত করতে এই সংসদ অঙ্গীকার বদ্ধ। পৃথিবীজুড়ে শান্তি ও সম্প্রীতির পরিবেশ বজায় রাখতে এবং পারমাণবিক অস্ত্র নির্মূল করতে সকলকে এক যোগে কাজ করতে হবে।

(বাইট – ওম বিড়লা/হিরোসিমা)

এরপর অধ্যক্ষ প্রশ্নোত্তরপর্ব শুরু করতে চাইলে বিরোধী দলের সদস্যরা ছাত্র বিক্ষোভের সময় পুলিশের আচরণ প্রসঙ্গে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-র বিবৃতিতে অনড় থাকে। অধ্যক্ষ প্রশ্নোত্তরপর্বের গুরুত্ব উল্লেখ করে বলেন, সংসদীয় কাজে প্রতিটি সদস্যের বিভিন্ন বিষয় উত্থাপন করার সুযোগ দেওয়া উচিত।

( বাইট – ওম বিড়লা/ প্রশ্নোত্তরপর্ব গুরুত্ব)

কিন্তু বিরোধী সদস্যরা তাদের দাবিতে অনড় থাকেন। পরিস্থিতি অপরিবর্তিত থাকায় অধিবেশন বেলা ২-টো পর্যন্ত মুলতুবি করা হয়।

<u>oooooooooooooooooooooo</u>

রাজ্যসভাতেও একই ইস্যুতে বিরোধীদের হট্টগোলের জেরে অধিবেশন প্রথমে দুপুর ১২টা পর্যন্ত, পড়ে বেলা ২টো ১৫ পর্যন্ত মুলতবি করা হয়। সকাল ১১টায় অধিবেশন শুরু হলে মন্ত্রীরা উচ্চকক্ষ্যে প্রয়োজনীয় নথিপত্র পেশ করেন। বাণিজ্য, শিল্প এবং রাসায়নিক ও সার বিষয়ক বিভাগ-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির প্রতিবেদনগুলোও সদনে পেশ করা হয়। এরপর বিরোধীদের হট্টগোলের মধ্যেই চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণন 'জিরো আওয়ার'-এর কাজকর্ম শুরু করেন। কয়েকজন সদস্য জরুরি কিছু বিষয় উত্থাপন করেন। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু

বলেন, প্রতিটি সাংসদের কাছ থেকে শালীনতা বজায় রাখা এবং প্রাসঙ্গিক বিষয়ে কথা বলবেন, সেটা আশা করা হয়। বক্তৃতার সময় কোনো সদস্য স্বাধীনভাবে তাঁর মতামত প্রকাশ করতে পারেন, তবে তা হতে হবে সুশৃঙ্খল ও অর্থবহ।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন , দেশে গল্প বলার যে এক সমৃদ্ধ ভাণ্ডার রয়েছে , সেই সৃজনশীলতা কে কাজে লাগিয়ে কন্টেন্ট বা বিষয়বস্তু তৈরি করলে আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের স্থান এক্ষেত্রে আরও মজবুত হবে । সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী জানান, তিনি নতুন দিল্লিতে নেটফ্লিক্সের সহ-কার্যনির্বাহী আধিকারিক টেড সারানডোস-এর সঙ্গে সাক্ষাৎ করেন ।

এদিকে, নেটফ্লিক্স ইন্ডিয়া জানিয়েছে, সাক্ষাতের সময় উভয় নেতাই ভারতের গণমাধ্যম ও বিনোদন শিল্পকে বিশ্বমঞ্চে তুলে ধরার বিষয়ে তাঁদের অভিন্ন লক্ষ্য নিয়ে আলোচনা করেছেন। অন্যদিকে ওই প্ল্যাটফর্ম থেকে ‘নেটফ্লিক্স ইন্ডিয়া স্টোরিটেলিং ইনিশিয়েটিভ’ (Netflix India Storytelling Initiative) শুরু করার কথা ঘোষণা করা হয়েছে।

oooooooooooooooooooooo

সৃজনশীল অর্থনীতির আন্তর্জাতিক স্তরের অন্যতম বাজার দুদিনের BRICS WAVES Bazaar আজ মুম্বাইতে শুরু হয়েছে। ব্রিকস গোষ্ঠীভুক্ত দেশগুলির ৫০০ জনেরও বেশি প্রতিনিধি এই অনুষ্ঠানে অংশ নিয়েছেন। মহারাষ্ট্রের সংস্কৃতি মন্ত্রী আশিস শেলার, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব চঞ্চল কুমার সহ বিশিষ্ট ব্যক্তিরা এই কর্মসূচির উদ্বোধন করেন। অনুষ্ঠানে অরেঞ্জ ইকোনমি বা সৃজনশীল অর্থনীতি প্রসারের লক্ষ্যে একাধিক আলোচনা, ক্রিয়েটরস হাব, B2B Zone সহ একাধিক উদ্যোগ নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য শক্তি মন্ত্রী প্রলহাদ জোশী আজ বলেছেন, ভারতে 'পিএম সূর্য ঘর বিনামূল্যে বিদ্যুৎ যোজনা'র সুবিধাভোগী পরিবারের সংখ্যা ৫০ লক্ষ অতিক্রম করেছে। নতুনদিল্লিতে সিআইআই (CII) আন্তর্জাতিক শক্তি সম্মেলন ও প্রদর্শনীতে মন্ত্রী বলেন, বর্তমানে ১৯ লক্ষ পরিবার শূন্য বিদ্যুৎ বিলের সুবিধা পাচ্ছে। শ্রী জোশী বলেন, এই প্রকল্পের মাধ্যমে ১২ লক্ষেরও বেশি পরিবার অতিরিক্ত বিদ্যুৎ বিক্রি করে ৪ শো ২১ কোটি টাকা আয় করেছে। তিনি আরও বলেন, ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট পরিবেশ বান্ধব শক্তি লক্ষ্যমাত্রা অর্জনের পথে দেশ ভালোভাবেই এগিয়ে চলেছে।

BYTE – JOSHI

oooooooooooooooooooooo

লোকসভার স্পিকার ওম বিড়লা আজ ভারতের প্রাক্তন বিদেশ মন্ত্রী সুষমা স্বরাজের প্রয়াণ দিবসে তাঁকে শ্রদ্ধা জানিয়ে সমাজ মাধ্যমে এক বার্তায় বলেন, তাঁর সুসংহত বাগ্মীতা, সংবেদনশীল নেতৃত্ব এবং জাতীয় স্বার্থে দৃঢ় নিষ্ঠার মাধ্যমে সুষমা স্বরাজ ভারতীয় রাজনীতিতে এক অনন্য স্থান তৈরি করেছিলেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ও সুষমা স্বরাজকে শ্রদ্ধা জানিয়ে প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রীকে ভদ্রতা ও সরলতার প্রতীক হিসেবে বর্ণনা করেন। তিনি আরও বলেন, বিদেশ মন্ত্রককে সাধারণ মানুষের কাছাকাছি পৌঁছে দিয়েছিলেন তিনি।

oooooooooooooooooooooo

উত্তরপ্রদেশের বালিয়া জেলার রাসরা কেন্দ্রের বহুজন সমাজ পার্টির (বিএসপি) বিধায়ক উমাশঙ্কর সিং দীর্ঘ অসুস্থতার পর গতসন্ধ্যায় প্রয়াত হয়েছেন। ৫৫ বছর বয়সী

উমাশঙ্কর সিং মস্তিষ্কের টিউমারের চিকিৎসার জন্য নতুন দিল্লির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন এবং সেখানেই তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

তাঁর প্রয়াণে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বিএসপি নেত্রী মায়াবতী এবং সমাজবাদী পার্টির সভাপতি অখিলেশ যাদব গভীর শোক প্রকাশ করেছেন ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

**oooooooooooooooooooooo**

কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডা বলেছেন, আসামে সাম্প্রতিক বন্যার ফলে প্রচণ্ড ক্ষয় ক্ষতি হয়েছে,তাই স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সময় লাগবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নির্দেশে, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী আসাম-নাগাল্যান্ড সীমান্তের শিবসাগর জেলার নেপালিখুটি এলাকা পরিদর্শন করেন।তিনি মুখ্যমন্ত্রীর সঙ্গে নাজিরার বন্যাকবলিত এলাকাগুলি পরিদর্শন করেন এবং সেখানকার ত্রাণ শিবির, কৃষিজমি ও বসতি এলাকা ঘুরে দেখেন।

আসামে বন্যা পরিস্থিতির আরও অবনতি হয়েছে। নতুন করে আরও ছয়জনের মৃত্যুতে মৃতের সংখ্যা বেড়ে ৯৫-এ দাঁড়িয়েছে এবং ১৪টি জেলায় ক্ষতিগ্রস্ত মানুষের সংখ্যা বেড়ে ১ লাখ ৬০ হাজারে পৌঁছেছে।

তিনি মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মার সঙ্গে একটি উচ্চ-পর্যায়ের পর্যালোচনা বৈঠক করেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আর্থিক সহায়তা, পুনর্বাসন ও ক্ষতিপূরণসহ সম্ভাব্য সব ধরনের সাহায্যের আশ্বাস দেন তিনি ।

**oooooooooooooooooooooo**

ওড়িশায় মহানদী সহ সমস্ত প্রধান নদ-নদীর জলস্তর হ্রাস পাওয়ায় সেখানকার বন্যা পরিস্থিতির উন্নতি ঘটছে। তবে ভারী বর্ষণের জেরে ভুবনেশ্বরের বেশ কিছু এলাকায় জল জমে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

এদিকে, আবহাওয়া দপ্তর রাজ্যজুড়ে নতুন করে বৃষ্টির সতর্কবার্তা জারি করেছে। কর্তৃপক্ষ সতর্ক থাকার পাশাপাশি বন্যা দুর্গত এলাকাগুলিতে ত্রাণ ও পুনর্বাসনের কাজ নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যাচ্ছে।

**oooooooooooooooooooooo**

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ উত্তরাখণ্ড, ঝাড়খণ্ড, গাঙ্গেয় পশ্চিমবঙ্গ, ওড়িশা, মধ্য মহারাষ্ট্র, কোঙ্কন এবং গোয়ায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করেছে। পাশাপাশি আগামীকাল পর্যন্ত বিহার, ছত্তিশগড়, রাজস্থান, হিমাচল প্রদেশ, মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ, উত্তর-পূর্ব ভারতের কিছু অংশ এবং আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে ভারী বৃষ্টির সম্ভাবনা। আইএমডি-র বরিষ্ঠ বিজ্ঞানী অখিল শ্রীবাস্তব বলেন, দিল্লিতে আগামীকাল পর্যন্ত মাঝারি থেকে ভারী বৃষ্টি হতে পারে।

**oooooooooooooooooooooo**

সুপ্রিম কোর্ট আজ ২০২১ সালের লাখিমপুর খেরি হিংসা মামলার মূল অভিযুক্ত আশিস মিশ্রর জামিনের শর্তাবলি শিথিল করার আর্জি খারিজ করে দিয়েছে। প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনিয়ার বেঞ্চ জামিন শিথিলের এই আবেদন নাকচ করে দেয়।

আশিস মিশ্রর আইনজীবী বলেন, বিভিন্ন বিধিনিষেধের ফলে তিনি তাঁর মেয়েদের জন্মদিন উদযাপনের মতো পারিবারিক অনুষ্ঠানে যোগ দিতে পারছেন না। প্রধান বিচারপতি আবেদনটি খারিজ করে বলেন, এই মুহূর্তে এই আবেদন বিবেচনা করার কোনো ভিত্তি নেই।

উপ মুখ্যমন্ত্রী কেশব প্রসাদ মৌর্যের সফরের বিরুদ্ধে কৃষকদের বিক্ষোভের সময়ে ২০২১ সালের ৩-রা অক্টোবর উত্তরপ্রদেশের লাখিমপুর খেরি জেলার তিকুনিয়া গ্রামে ওই ঘটনা ঘটে। এতে চার কৃষকসহ আটজন প্রাণ হারান।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

মধ্য ইউরোপে আবারও দাবদাহ শুরু হয়েছে। স্লোভাকিয়া এবং অস্ট্রিয়ায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। স্লোভাকিয়ায় এই গ্রীষ্মে এ নিয়ে তৃতীয়বার তাপমাত্রা নতুন উচ্চতায় পৌঁছল। সাম্প্রতিক তাপপ্রবাহে দক্ষিণ স্লোভাকিয়ায় ৪০ ডিগ্রি সেলসিয়াসের বেশি তাপমাত্রা রেকর্ড করা হয়। সে দেশের Kamenica nad Hronom শহরে সর্বোচ্চ ৪১ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা ।

অস্ট্রিয়া স্লোভাকিয়া সীমান্তের কাছাকাছি Bad Deutsch-Altenburg-এ সর্বকালের সর্বোচ্চ ৪১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়েছে। চেক প্রজাতন্ত্র এবং হাঙ্গেরিতেও চলতি বছরের গ্রীষ্মে সর্বকালের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়।

ইউরোপীয় ইউনিয়নের 'কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিস'-এর তথ্য অনুযায়ী, ইউরোপ বিশ্বের সবচেয়ে দ্রুত উষ্ণ হতে থাকা মহাদেশ।

<u>০০০০০০০০০০০০০০০০০০০০০০</u>

সার্বিয়ার জরুরি পরিষেবা কর্মীরা দেশটির বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়া একাধিক দাবানল নিয়ন্ত্রণে লড়াই চালিয়ে যাচ্ছেন। উত্তর-পূর্ব সার্বিয়ার Deliblato Sands এলাকায়, প্রায় ৩০০ হেক্টর পাইন জঙ্গল ইতিমধ্যেই ধ্বংস হয়ে গেছে। সার্বিয়ার সরকারি সংবাদমাধ্যম গতকাল জানিয়েছে, প্রায় ১০ দিন আগে Deliblato Sands-এ নিভিয়ে ফেলা একটি আগুন মাটির তীব্র বাতাসের ফলে আবারও জ্বলে উঠেছে। বেলগ্রেড থেকে প্রায় ৬০ কিলোমিটার পূর্বে দক্ষিণ বানাট অঞ্চলের আগুন এখনও নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়নি। সে দেশের আবহাওয়া দপ্তর আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ থেকে ৪০ ডিগ্রি সেলসিয়াস হতে পারে বলে পূর্বাভাস

দিয়েছে। পাশাপাশি বেলগ্রেড এবং উত্তর ভয়ভদিনা প্রদেশে উষ্ণ রাতের আশঙ্কাও প্রকাশ করা হয়েছে।

oooooooooooooooooooooo

ইয়েমেনের হুথি গোষ্ঠী জানিয়েছে, উত্তর লোহিত সাগরে সৌদি ট্যাঙ্কারে ক্ষেপণাস্ত্র হামলার কয়েক ঘণ্টা পর তারা এডেন উপসাগরে সৌদি তেল ট্যাঙ্কারেও ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। সমাজ মাধ্যমে হুথির সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারেয়া জানান, এই হামলাটি সৌদি আরবের বিরুদ্ধে তাদের ঘোষিত নীতি 'অবরোধের জবাবে অবরোধ'-এর অংশ।

তিনি আরও বলেন, হুথি বাহিনী সৌদি তেল ট্যাঙ্কারগুলির ওপর কড়া নজর রাখছে। হুথি-নিয়ন্ত্রিত ইয়েমেনের এলাকাগুলির থেকে তথাকথিত অবরোধ না তোলা পর্যন্ত তারা লোহিত সাগরের দক্ষিণ ও উত্তর দিয়ে এসব ট্যাঙ্কারের চলাচল বন্ধ রাখবে।

oooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্ট্রের ইউগেনে অনুরধ ২০ বিশ্ব এথলেটিক্স চ্যাম্পিয়ানশিপের চূড়ান্ত পর্বে নিজেদের বিভাগে জায়গা করে নিয়েছেন ভারতের জ্যাভলিন থ্রোয়ার আশিষ যাদব ও টি ধরনীধরণ। ডিসকাস থ্রোয়ার অমান নাথ কম্বোজও ফাইনালে নিজের জায়গা পাকা করে নেন।

oooooooooooooooooooooo

তামিলনাড়ুতে ষোড়শ জুনিয়ার পুরুষদের জাতীয় চ্যাম্পিয়ানশীপ হকি প্রতিযোগিতায় সেমিফাইনালে উঠেছে ওড়িশা, পাঞ্জাব, ঝাড়খণ্ড ও মধ্যপ্রদেশ। এই দলগুলি কোয়াটার ফাইনালের জয়লাভ করেছে।

ooooooooooooooooooooooooooooooooooooooooooo